গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৭৩/২০১৯-২০২০
ঢাকা ২৩ ফেব্রুয়ারি রোববার ২০২০, ১০ ফাল্গুন ১৪২৬

১। তিন দিনের সফরে চট্টগ্রামে রাষ্ট্রপতি
২। লাখো শহিদের আত্মত্যাগ বৃথা যেতে দেব না : অমর একুশের আলোচনায় প্রধানমন্ত্রী
৩। মুজিববর্ষে জাতীয় সংসদ বিশেষ অধিবেশন ও শিশুমেলার আয়োজন করবে : নারায়ণগঞ্জে স্পিকার
৪। মুক্তিযুদ্ধের স্মৃতিচিহ্ন সংরক্ষণ করতে হবে : কৃষিমন্ত্রী
৫। মাদক গ্রহণ করলে সরকারি চাকরি নয় : স্বরাষ্ট্রমন্ত্রী
নিয়োগের আগে ডোপ টেস্টের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী
৬। আন্তর্জাতিক মানের রাস্তা গড়ার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী :
কেরানীগঞ্জে দেশের প্রথম বেসরকারি বিটুমিন প্লান্টের উদ্বোধন অনুষ্ঠানে অর্থমন্ত্রী
৭। ডেঙ্গু প্রতিরোধে আশপাশের পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে : কুমিল্লায় স্থানীয় সরকার মন্ত্রী
৮। সব জেলা-উপজেলায় প্রতিবন্ধীদের জন্য বিদ্যালয় করা হবে :কুড়িগ্রামে সমাজকল্যাণমন্ত্রী
৯। মেয়ে শিশু অনেক প্রতিবন্ধকতার মধ্য দিয়ে বেড়ে ওঠে : শিক্ষামন্ত্রী
১০। গ্রামে গ্রামে বিদ্যুতের আলো পৌঁছে দিচ্ছে বর্তমান সরকার : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী
১১। কচুরিপানা খাওয়ার উপযোগী কিনা পরীক্ষা চলছে : বাণিজ্যমন্ত্রী
১২। ২০২১ সালকে পর্যটন বর্ষ ঘোষণার উদ্যোগ নেয়া হচ্ছে : পর্যটন প্রতিমন্ত্রী
১৩। ভূমি অধিগ্রহণে অনিয়ম সহ্য করা হবে না : কক্সবাজারে ভূমিমন্ত্রী
১৪। ডিজিটাল বাংলাদেশ গড়তে প্রোগ্রামিংয়ে গুরুত্ব দিতে হবে : আইসিটি প্রতিমন্ত্রী
১৫। দেশের মানুষের ভাগ্য উন্নয়নে প্রধানমন্ত্রী কাজ করছেন : তথ্য প্রতিমন্ত্রী
১৬। দুর্নীতি-অনিয়মে জড়িতরা জাতির শত্রু : মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী

**১। তিন দিনের সফরে চট্টগ্রামে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নানা কর্মসূচিতে অংশ নিতে তিন দিনের সফরে গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) চট্টগ্রামে পৌঁছেছেন। তিনি চারটি আর্টিলারির পতাকা হস্তান্তর এবং বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) ৯৪তম ব্যাচের প্যারেডে অংশগ্রহণ করবেন। রাষ্ট্রপতি আর্টিলারি সেন্টারের ভিআইপি কমপ্লেক্সের সামনে একটি গাছের চারা রোপণ করেন। সেখানে তাঁকে গার্ড অভ অনার দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

**২। লাখো শহিদের আত্মত্যাগ বৃথা যেতে দেব না : অমর একুশের আলোচনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ভাষা আন্দোলনে রক্ত দিয়ে যারা আমাদের মাতৃভাষার মর্যাদা রক্ষা করেছিলেন, তাদের পদাঙ্ক অনুসরণ করেই লাখো শহিদের রক্তের বিনিময়ে আমরা স্বাধীনতা অর্জন করেছি। লাখো শহিদের সে আত্মত্যাগ কখনও বৃথা যেতে পারে না, এটাই আমাদের প্রতিজ্ঞা। এ প্রতিজ্ঞা নিয়েই আমরা জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ে তুলব এবং 'মুজিববর্ষ' সফল ও সার্থকভাবে উদযাপন করব। আমরা অর্থনৈতিক স্বাবলম্বিতার সঙ্গে প্রযুক্তিগত জ্ঞান নিয়ে বাঙালিকে সারাবিশ্বে একটা সম্মানিত জাতি হিসেবে গড়ে তুলব। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **অবজারভবর** (শেষ পৃ.,ক.৬)।

**৩। মুজিববর্ষে জাতীয় সংসদ বিশেষ অধিবেশন ও শিশুমেলার আয়োজন করবে : নারায়ণগঞ্জে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশের সব অর্জন এসেছে। এ বছর জাতি উদ্‌যাপন করতে যাচ্ছে ‘মুজিববর্ষ-২০২০’। সংসদে বিশেষ অধিবেশন, শিশুমেলাসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে জাতীয় সংসদ জাতির পিতাকে গভীর শ্রদ্ধায় স্মরণ করবে। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) নারায়ণগঞ্জের রূপগঞ্জে জাতীয় সংসদ সচিবালয় আয়োজিত বার্ষিক বনভোজন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৮)।

**৪। মুক্তিযুদ্ধের স্মৃতিচিহ্ন সংরক্ষণ করতে হবে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, যারা মুক্তিযুদ্ধ দেখেছেন, মুক্তিযুদ্ধে অংশ নিয়েছেন তাদের দায়িত্ব হবে মুক্তিযুদ্ধের ইতিহাস বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরা। দেশব্যাপী ছড়িয়ে রয়েছে মুক্তিযুদ্ধের স্মৃতিচিহ্ন। বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য মুক্তিযুদ্ধের গুরুত্বপূর্ণ উপাদান সংরক্ষণ করতে হবে। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) বাংলা একাডেমিতে একুশে পদকপ্রাপ্ত লেখক ড. নূরুন নবীর 'অনিবার্য মুক্তিযুদ্ধ' ও 'বাংলাদেশে পাকিস্তানিদের যুদ্ধাপরাধ ও প্রেসিডেন্ট নিক্সন-ড. কিসিঞ্জারের দায়' এ বই দুটির প্রকাশনা উৎসবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫),

**৫। মাদক গ্রহণ করলে সরকারি চাকরি নয় : স্বরাষ্ট্রমন্ত্রী**
**নিয়োগের আগে ডোপ টেস্টের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, মাদক গ্রহণ করে কেউ সরকারি চাকরি পাবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কড়া নির্দেশ, ডোপ টেস্ট ছাড়া কেউ যেন সরকারি চাকরিতে প্রবেশ করতে না পারে। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জঙ্গি ও সন্ত্রাসের বিরুদ্ধে প্রধানমন্ত্রী যেমন জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছেন তেমন মাদকের বিরুদ্ধেও জিরো টলারেন্স নীতি নিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৭,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**৬। আন্তর্জাতিক মানের রাস্তা গড়ার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী :**
**কেরানীগঞ্জে দেশের প্রথম বেসরকারি বিটুমিন প্লান্টের উদ্বোধন অনুষ্ঠানে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, দেশের রাস্তাগুলোকে সুন্দর ও টেকসই এবং আন্তর্জাতিক মানে গড়ে তুলতে প্রধানমন্ত্রী নিয়মিত তাগিদ দেন। কিন্তু দেশের অনেক রাস্তায় মানসম্পন্ন বিটুমিন ব্যবহার করা হয় না। এ প্ল্যান্ট সে মানসম্পন্ন বিটুমিনের ঘাটতি দূর করবে। তিনি আরো বলেন, সোনার বাংলা একটি দর্শন। অভাব ও দারিদ্র্যমুক্ত সমাজ, মানুষের মৌলিক চাহিদা পূরণ এবং মানসম্পন্ন জীবন নিশ্চিত করার মাধ্যমে সোনার বাংলাদেশ, সমৃদ্ধ বাংলাদেশ নির্মাণ করব আমরা। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) ঢাকার কেরানীগঞ্জের পানগাঁওয়ে বসুন্ধরা অয়েল অ্যান্ড গ্যাস কোম্পানির বিটুমিন প্ল্যান্টের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এটি দেশের প্রথম বেসরকারি বিটুমিন (পিচ) উৎপাদন কেন্দ্র। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬)।

**৭। ডেঙ্গু প্রতিরোধে আশপাশের পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে : কুমিল্লায় স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বর্ষা এলে এডিস মশা ও ডেঙ্গুর সমস্যা দেখা দিতে পারে। তাই সবাইকে আশপাশের পরিবেশ পরিষ্কার রাখতে হবে। কারণ সম্মিলিত কাজ করলে এডিস মশা ও ডেঙ্গু প্রতিরোধ করা সম্ভব। সমস্যা যেখানে উৎপত্তি, সেখানেই নিষ্পত্তি করতে হবে। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) কুমিল্লার লাকসামে নবাব ফয়জুন্নেছা সরকারি কলেজের বার্ষিক সাহিত্য, সংস্কৃতি ও ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৮। সব জেলা-উপজেলায় প্রতিবন্ধীদের জন্য বিদ্যালয় করা হবে :কুড়িগ্রামে সমাজকল্যাণমন্ত্রী**

এ বছর প্রতি জেলায় একটি করে এবং পরবর্তী সময়ে প্রতি উপজেলায় একটি করে বুদ্ধিপ্রতিবন্ধীদের জন্য বিদ্যালয় করার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধনের সময় তিনি এ কথা বলেন । সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৩,ক.৫), **আমাদেরঅর্থনীতি** ( শেষ পৃ,ক.৮), **অবজারভার** ( শেষ পৃ,ক.৫)।

**৯। মেয়ে শিশু অনেক প্রতিবন্ধকতার মধ্য দিয়ে বেড়ে ওঠে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, একজন মেয়ে শিশু অনেক প্রতিবন্ধকতার মধ্য দিয়ে বেড়ে ওঠে। এ সকল প্রতিবন্ধকতার দেয়াল ভেঙে নারীকে তার আত্মশক্তিতে বলিয়ান হতে হবে। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর বেইলি রোডে গার্লস গাইড বাংলাদেশ আয়োজিত বিশ্ব চিন্তা দিবস ও প্রতিজ্ঞা গ্রহণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। **সূত্র- জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৮)।

**১০। গ্রামে গ্রামে বিদ্যুতের আলো পৌঁছে দিচ্ছে বর্তমান সরকার : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১১ বছরে দেশের পরিবর্তন এনেছেন। দেশের বিদ্যুৎ, শিক্ষা, চিকিৎসা ব্যবস্থার উন্নতি করেছে বর্তমান সরকার। বৃদ্ধদের বয়স্ক ভাতা, বিধবা ভাতা, শিশুদের নতুন বই ও স্কুলে গেলে উপবৃত্তি পায়, শিক্ষকদের বেতন তিন গুণ বাড়ছে এবং অফিসারদের বেতন বাড়ছে। গ্রামে গ্রামে বিদ্যুতের আলোয় আলোকিত করছে বর্তমান সরকার। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) সুনামগঞ্জের দিরাই প্রবাসী উচ্চবিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫), **যায়যায়দিন** (পৃ.১১,ক.৬)।

**১১। কচুরিপানা খাওয়ার উপযোগী কিনা পরীক্ষা চলছে : বাণিজ্যমন্ত্রী**

কচুরিপানা খাবার উপযোগী কিনা তা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে বলে সাংবাদিকদের কাছে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। পরিকল্পনামন্ত্রীর কচুরিপানা বিষয়ক মন্তব্যকে কেন্দ্র করে সৃষ্টি হওয়া বিতর্ক প্রসঙ্গে বাণিজ্যমন্ত্রী বলেন, বিষয়টি পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে। ফুড ভেল্যু পাওয়া গেলে ভবিষ্যৎ বলে দেবে কী করতে হবে। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) রংপুরে নিজ বাসায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন। পেঁয়াজের কেজি এখন ১০০ টাকার নিচে দাবি করে তিনি বলেন, আগামী মাসে পেঁয়াজের দাম আরো কমবে। অনেক নতুন পেঁয়াজ বাজারে উঠবে। রমজানের প্রস্তুতি প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, রমজানে নিত্যপণ্যের পর্যাপ্ত মজুত রাখা হবে। কেউ যেন কোনো কারচুপি করতে না পারে সেদিকে কঠোর নজরদারি রাখা হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

**১২। ২০২১ সালকে পর্যটন বর্ষ ঘোষণার উদ্যোগ নেয়া হচ্ছে : পর্যটন প্রতিমন্ত্রী**

স্বাধীনতার ৫০ বছর উপলক্ষে ২০২১ সালকে পর্যটন বর্ষ হিসেবে ঘোষণার উদ্যোগ নেয়া হয়েছে। প্রধানমন্ত্রীর সম্মতি প্রাপ্তির পর এ ব্যাপারে বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) ‘বাংলাদেশের পর্যটন: সুযোগ ও চ্যালেঞ্জ’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

**১৩। ভূমি অধিগ্রহণে অনিয়ম সহ্য করা হবে না : কক্সবাজারে ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, পর্যটন শিল্পের জন্য গুরুত্বপূর্ণ কক্সবাজারসহ দেশের কোথাও ভূমি অধিগ্রহণ কার্যক্রমে কোনো ধরনের অনিয়ম সহ্য করা হবে না। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) কক্সবাজার হিলটাউন সার্কিট হাউজের সম্মেলনকক্ষে কক্সবাজার জেলা আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫)।

**১৪। ডিজিটাল বাংলাদেশ গড়তে প্রোগ্রামিংয়ে গুরুত্ব দিতে হবে : আইসিটি প্রতিমন্ত্রী**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নে সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে আইসিটি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক বলেছেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষে তরুণ প্রোগ্রামারদের প্রোগ্রামিং ও প্রবলেম সলভিংয়ে গুরুত্ব দিতে হবে। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) মিরপুর সেনানিবাসে মিলিটারি ইনস্টিটিউট অভ সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে জাতীয় কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ.,ক.৬)।

**১৫। দেশের মানুষের ভাগ্য উন্নয়নে প্রধানমন্ত্রী কাজ করছেন : তথ্য প্রতিমন্ত্রী**

তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান বলেছেন, দেশের মানুষের ভাগ্য উন্নয়নে প্রধানমন্ত্রী কাজ করছেন। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর গুলশানে এসিডদগ্ধ, প্রতিবন্ধী নারীদের সাফল্য নিয়ে বেসরকারি সংস্থা 'পাওয়ার অফ শি' আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন । তিনি আরো বলেন, আমাদের সরকার নারীর ক্ষমতায়নে বিশ্বাসী। এখন সমগ্র জায়গায় নারীকে প্রমোট করা হচ্ছে। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭)।

**১৬। দুর্নীতি-অনিয়মে জড়িতরা জাতির শত্রু : মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, দুর্নীতি, মাদক, সন্ত্রাস ও বিভিন্ন অনিয়মের সঙ্গে জড়িতরা জাতির শত্রু। এরা যুব সমাজকে ধ্বংস করছে। এদের কোনোভাবেই আশ্রয়-প্রশ্রয় দেওয়া যাবে না। সচেতন নাগরিক সমাজকে এ ব্যাপারে সজাগ থাকতে হবে। যারা দেশের উন্নয়ন বাধাগ্রস্ত করছে, শক্ত হাতে তাদের প্রতিরোধ করতে হবে। গতকাল (২২ ফেব্রুয়ারি শনিবার) মেহেরপুর জেলা কালেক্টরেট প্রাঙ্গণে মহিলাবিষয়ক অধিদপ্তর পরিচালিত 'কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল' কর্মসূচির আওতায় হেলথ ক্যাম্প উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.৮)।

**সম্পাদকীয়**

**ক.** **যুগান্তর :** পদ্মাসেতু এখন আমাদের সক্ষমতার এক উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে দ্রুতগতিতে ছুটছে উদ্বোধনের দিকে উল্লেখ করে নদীশাসনসহ সবকিছু ঠিকমতো এগিয়ে যাওয়ার মধ্য দিয়ে বাস্তবায়িত হবে দেশকে এগিয়ে নেওয়ার স্বপ্ন বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **ইত্তেফাক :** দেশ জুড়ে নগরকেন্দ্রিক কিশোর গ্যাং কালচার ভয়ংকর আকার ধারণ করেছে উল্লেখ করে এ ব্যাপারে আইন-শৃঙ্খলা বাহিনী, অভিভাবক, জনপ্রতিনিধি, সমাজের দায়িত্বশীল ব্যক্তি, শিক্ষকমহলসহ সংশ্লিষ্ট সকলকে সচেতনতা ও বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

গ. **যায়যায়দিন :** বিশ্বের দূষিত বাতাসের শহরের তালিকায় দ্বিতীয় খারাপ অবস্থানে এসেছে ঢাকা এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **সমকাল** : সিলেটের সুরমা নদীতে বালু উত্তোলনের কারণে হুমকির মুখে পড়ছে নদী ও নদী তীরবর্তী মানুষ এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে সুরমাসহ সব নদীতীরে অবৈধ মাটি কাটা বন্ধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঙ.** **বণিক বার্তা** : সড়ক দুর্ঘটনায় হতাহতের পরিমাণ হ্রাস করতে এবং সড়ক ব্যবস্থা নিরাপদ করতে আগামী দশকে বাংলাদেশকে বিনিয়োগ করতে হবে প্রায় ৭৮০ কোটি মার্কিন ডলার, বিশ্বব্যাংকের এ তথ্যের কথা উল্লেখ করে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশ হিসেবে বাংলাদেশকে এগিয়ে নিতে হলে নিরাপদ সড়কের বিষয়টি গুরুত্ব সহকারে দেখার পরামর্শ।

**চ.** **সংবাদ** : প্রাথমিক ও মাধ্যমিকে কয়েক বছর ধরে ঝরেপড়ার হার একই বৃত্তে ঘুরপাক খাচ্ছে উল্লেখ করে ঝরেপড়া রোধে অভিভাবকদের সচেতনতার পাশাপাশি সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকর উদ্যোগ নেবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ছ.** **ইনকিলাব** : রাজধানীসহ দেশের শহরগুলোতে যে পানিবদ্ধতা সৃষ্টি হয়, তার অন্যতম কারণ হচ্ছে পলিথিন উল্লেখ করে পরিবেশের জন্য ক্ষতিকর পলিথিনের উৎপাদন, বিপণন এবং ব্যবহার বন্ধ করার দাবি।

**জ.** **বাংলাদেশ টুডে :** সম্ভাবনাময় পযটন শিল্পের বিকাশে নজর দেওয়ার সুপারিশ।

**ঝ.** **ইন্ডিপেনডেন্ট :** পরিবেশের সুরক্ষায় পাটের ব্যবহার বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বঙ্গবন্ধু দিবসের স্মৃতিকথা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, এ পৃথিবী যত দিন থাকবে এ দেশের মাটি ও মানুষ যত দিন থাকবে, ততদিন দেশের মানুষের হৃদয়ের মণিকোঠায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অক্ষয় এবং অমর হয়ে থাকবেন। বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা তোফায়েল আহমেদের এ লেখায় ১৯৬৯ সালের ২৩ শে ফেব্রুয়ারি শেখ মুজিবুর রহমানকে বঙ্গবন্ধু খেতাবে ভূষিত করার ইতিবৃত্ত তুলে ধরা হয়।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা